

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০১.১৮/৩৯৫৪/৫)

তারিখ: ০৬/০৫/১৪২৬ বঙ্গাব্দ  
১৫/০৯/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন পীরগাছা মহিলা কলেজে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র: (১) জনাব মো: মোত্তালিব মিঞা, উপাধ্যক্ষ কর্তৃক ২৫/০৭/২০১৯খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন।


(২) মাউশি অধিদপ্তরের পত্র স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১, তারিখ: ১৩/০৫/২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন পীরগাছা মহিলা কলেজের অধ্যক্ষের অনুপস্থিতিতে দায়িত্বপালনের বিষয়ে নির্দেশনার জন্য কলেজটির উপাধ্যক্ষ আবেদন করেন।

কলেজটিতে জনাব মো: মোত্তালিব মিঞা উপাধ্যক্ষ হিসেবে ০৭/০৫/২০১১খ্রি. তারিখে যোগদান করে কর্মরত। কলেজটির অধ্যক্ষ ২১/০৫/২০১১খ্রি. তারিখে অবসরে যাওয়ায় উপাধ্যক্ষকে দায়িত্ব না দিয়ে একজন সহকারী অধ্যাপককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, তারিখ: ০৯/০৭/২০১২খ্রি. মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন উল্লেখ করে মাউশি অধিদপ্তর হতে 'জরুরী বিজ্ঞপ্তি' প্রকাশ করা হয়(সূত্রোক্ত পত্র-২)।

এমতাবস্থায়, মাউশি অধিদপ্তরের ১৩/০৫/২০১৯খ্রি. তারিখের বিজ্ঞপ্তি মোতাবেক কলেজের উপাধ্যক্ষকে আগামী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)



সভাপতি

পীরগাছা মহিলা কলেজ, পীরগাছা, রংপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৩। জনাব মো: মোত্তালিব মিঞা, উপাধ্যক্ষ, পীরগাছা মহিলা কলেজ, পীরগাছা, রংপুর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, রংপুর।
- ৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি., পীরগাছা শাখা, রংপুর(অধ্যক্ষ নিয়োগ না দেয়া পর্যন্ত উপাধ্যক্ষ(জনাব মো: মোত্তালিব মিঞা ব্যতিত অন্য কারও স্বাক্ষরে বেতন ভাতা প্রদান না করার অনুরোধসহ)।
- ৬। অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), পীরগাছা মহিলা কলেজ, পীরগাছা, রংপুর।
- ৭। উপজেলা মাধ্যমিক অফিসার, পীরগাছা, রংপুর।
- ৮। সংরক্ষণ নথি।